আমাদের সময়
রবিবার
১৪ জুন ২০২৬ ॥ ৩১ জ্যৈষ্ঠ ১৪৩৩



## এসিবিএসপি সাউথ এশিয়া রিজিওনাল কাউন্সিল

# এনএসইউ ট্রাস্টি বেনজীর আহমেদ ফের কোষাধ্যক্ষ নির্বাচিত

নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ও সাবেক চেয়ারম্যান বেনজীর আহমেদ অ্যাক্রেডিটেশন কাউন্সিল ফর বিজনেস স্কুলস অ্যান্ড প্রোগ্রামস (এসিবিএসপি)-এর সাউথ এশিয়া রিজিওনাল কাউন্সিলের কোষাধ্যক্ষ হিসেবে ২০২৬-২০২৭ মেয়াদের জন্য পুনঃনির্বাচিত হয়েছেন। গত সপ্তাহে যুক্তরাষ্ট্রের অ্যারিজোনার ফিনিক্সে অনুষ্ঠিত এসিবিএসপি সাউথ এশিয়া অঞ্চলের এজিএমে এ নির্বাচন অনুষ্ঠিত হয়। পুনঃনির্বাচিত হওয়ায় কৃতজ্ঞতা প্রকাশ করে বেনজীর আহমেদ বলেন, এসিবিএসপি সাউথ এশিয়া রিজিওনাল কাউন্সিলের কোষাধ্যক্ষ হিসাবে পুনঃর্নিবাচিত হতে পেরে আমি সম্মানিত বোধ করছি। সহকর্মীদের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করে একাডেমিক মানোন্নয়ন, পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি এবং প্রতিষ্ঠানগুলোকে বৈশ্বিক মানদণ্ড অর্জনে সহায়তা করতে চাই। বিজ্ঞপ্তি

North South University Library ★1992★